তথ্য অধিকার সংক্রান্ত

# বার্ষিক প্রতিবেদন ২০২৪

## বিভাগীয় কমিশনারের কার্যালয়

## বরিশাল

# সূচীপত্র


| ক্র. নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১ | ভূমিকা | ২ |
| ০২ | বার্ষিক প্রতিবেদন এর সারসংক্ষেপ | ৩ |
| ০৩ | অত্র কার্যালয় ও আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়ের তথ্য প্রাপ্তির আবেদনের বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্যাদি | ৪ |
| ০৪ | আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়ের অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মকর্তা (ডিও)দের তথ্য | ৫ |
| ০৫ | ২০২৩-২০২৪ অর্থবছরে তথ্য অধিকার বিষয়ক ১ম ও ২য় প্রশিক্ষণ আয়োজন | ৬ |
| ০৬ | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উপলক্ষ্যে সভা সেমিনার আয়োজন | ৭-১০ |
| ০৭ | এ কার্যালয় থেকে প্রকাশিত স্বপ্রণোদিত সর্বশেষ হালনাগাদকৃত তথ্য | ১১ |
| ০৮ | তথ্য অধিকার আইনের জনসচেতনতার বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা | ১২-১৩ |

# ভূমিকা

তথ্য অধিকার একটি রাষ্ট্রের সুশাসনের মূলভিত্তি। জাতিসংঘের মানবাধিকার সনদ অনুযায়ী তথ্য অধিকার আন্তর্জাতিকভাবে স্বীকৃত। এ আইনের মাধ্যমে দেশের মানুষ সরকারি/বেসরকারি কর্তৃপক্ষের কাছ থেকে নানা ধরনের তথ্য উদঘাটন করে নিজেদের এবং দেশের অনেক উন্নয়ন করছে। বাংলাদেশের সংবিধানে প্রত্যেক নাগরিকের চিন্তা, বিবেক, বাক ও ভাব প্রকাশের স্বাধীনতার অধিকার নিশ্চিত করা হয়েছে। মতপ্রকাশের স্বাধীনতা ও অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিত করতে তথ্য অধিকার আইন-২০০৯ ও তথ্য অধিকার (তথ্যপ্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা-২০০৯ প্রণয়ন করা হয়েছে। তথ্য অধিকার আইনকে কার্যকর করার জন্য একটি তথ্য কমিশন গঠন করা হয়েছে। তথ্য কমিশন একটি সংবিধিবদ্ধ স্বাধীন সংস্থা। তথ্য কমিশনের গঠন পদ্ধতি, দায়িত্ব-কর্তব্য, ক্ষমতা, কর্মপরিধি, প্রশাসনিক বিষয় ইত্যাদি এ আইনে বর্ণিত আছে। প্রকৃত অর্থে একটি উন্নয়নশীল রাষ্ট্রের অগ্রযাত্রায় তথ্যের অবাধ প্রবাহ গুরুত্বপূর্ণ চালিকাশক্তি হিসাবে কাজ করে। জনগণ ক্ষমতায়িত না হলে কোনো সামষ্টিক উন্নয়ন অর্জন সম্ভব হয় না। প্রাসঙ্গিক বিভিন্ন মৌলিক চাহিদা ও অধিকারের নিশ্চিয়তার পাশাপাশি তথ্যই পারে জনগণকে ক্ষমতায়িত করতে। এ জন্য মূল যে উদ্যোগটি তথ্যের প্রাপ্যতাকে সহজলভ্য করতে পারে সেটি হলো প্রতিষ্ঠানে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-এর ১৬ নং অভীষ্ট হচ্ছে টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অন্তর্ভূক্তিমূলক সমাজ ব্যবস্থার প্রসার, সবার জন্য ন্যায়বিচার প্রাপ্তির পথ সুগম করা এবং সর্বস্তরে কার্যকর, জবাবদিহিতামূলক ও অন্তর্ভূক্তিমূলক প্রতিষ্ঠান তৈরি করা। সরকারের বিভিন্ন সেবা ডিজিটাল প্রযুক্তির সাহায্যে জনগণের কাছে সহজে পৌঁছে দিতে ২০১৪ সালে তৈরি করা হয় জাতীয় তথ্য বাতায়ন। ৩৩ হাজারের বেশি ওয়েবসাইটের সমন্বয়ে তৈরি এই বাতায়ন সরকারের তথ্য সহজেই জনগণের কাছে পৌঁছে দিচ্ছে। সরকার ডিজিটাল বাংলাদেশ গঠনের রূপকল্পকে বাস্তবে রূপ দেয়ায় এ উদ্যোগের সুফল পাচ্ছেন দেশের সর্বস্তরের মানুষ। তথ্য সেবা যেন মানুষ আরো সহজে পায়, সেজন্য দেশের ইউনিয়নগুলোতে তথ্য সেবাকেন্দ্র খোলা হয়েছে। প্রান্তিক মানুষ অনলাইন, অফলাইন উভয় মাধ্যমেই তথ্য সেবা পাচ্ছেন। এছাড়া টেকসই উন্নয়নের জন্য জনগণের কাছে দায়বদ্ধ প্রতিষ্ঠান গঠন ও সরকারি তথ্যে জনগণের অধিগম্যতা বাড়াতে সরকার নানা রকম পদক্ষেপ নিয়েছে। এর মধ্যে রয়েছে জাতীয় শুদ্ধাচার কৌশল, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা সম্পর্কিত হেল্প লাইন বা হট লাইন চালু করা। এর বাইরে দেশের গণমাধ্যম, দেশীয় ও আন্তর্জাতিক বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠন (এনজিও) এবং সুশীল সমাজ জনগণের তথ্যের অধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে ভূমিকা পালন করছে। জনগণের তথ্য অধিকার নিশ্চিতে ও মৌলিক অধিকার সুরক্ষার ক্ষেত্রে সরকার আন্তর্জাতিক পরিমন্ডলে এবং জাতীয়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

## বার্ষিক প্রতিবেদনের নির্বাহী সার-সংক্ষেপ :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩৯ অনুচ্ছেদ অনুসারে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার। তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য। তথ্য অধিকারকে জনগণের ক্ষমতায়নের একটি অন্যতম মাধ্যম হিসেবে বিবেচনা করা হয়। জনগণের ক্ষমতায়নের মাধ্যমে সরকারি, স্বায়ত্বশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি বা বিদেশী অর্থায়নে সৃষ্ট ও পরিচালিত বেসরকারি সংস্থাসমূহের স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধি করা সম্ভব বলে বিবেচনা করা হয়। আর তথ্য অধিকার আইনের সর্বক্ষেত্রে বাস্তবায়ন নিশ্চিত করা গেলে দেশ হতে দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে।

তথ্য অধিকার আইনের অনুসারে প্রতিবছর প্রত্যেক কর্তৃপক্ষের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার বিধান রয়েছে। সে মোতাবেক বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের পরিস্থিতি, এ আইন অনুসারে প্রাপ্ত আবেদন ও তথ্য প্রদানের সংখ্যা, এতদসংক্রান্ত আপীল ও নিষ্পত্তির সংখ্যা, তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন সভা, সেমিনার ও আলোচনা এ বার্ষিক প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। এছাড়াও বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর (www.barisaldiv.gov.bd) ওয়েবসাইটে অনেক গুরুত্বপূর্ণ তথ্যাবলী স্ব-উদ্যোগে প্রকাশ করা হয়েছে যা এ বার্ষিক প্রতিবেদনে রয়েছে। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন সংক্রান্ত বিভিন্ন কর্মসূচির স্বচিত্র তথ্য তুলে ধরা হয়েছে।










আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের স্থির চিত্র

বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল ও এর আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের তথ্য অধিকার আইনে প্রাপ্ত আবেদনের বিষয়ে গৃহিত ব্যবস্থা : জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪ পর্যন্ত


| ক্র নং | কতৃপক্ষের নাম | তথ্য সরবরাহের জন্য প্রাপ্ত আবেদনের সংখ্যা | তথ্য সরবরাহের মাধ্যমে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা | অনুরোধকৃত তথ্য না দেয়ার সিদ্ধান্তের সংখ্যা | প্রক্রিয়াধীন | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপীলের সংখ্যা | আপীল নিষ্পত্তির সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল | ০৩ | ০৩ | ০০ | ০০ | ০৮ | ০৮ |
| ০২ | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল | ১৭ | ১৭ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ০৩ | জেলা প্রশাসকের কার্যালয়,পটুয়াখালী | ০৬ | ০৬ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ০৪ | জেলা প্রশাসকের কার্যালয়,ভোলা | ০৯ | ০৯ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ০৫ | জেলা প্রশাসকের কার্যালয়,পিরোজপুর | ০৫ | ০৫ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ০৬ | জেলা প্রশাসকের কার্যালয়,বরগুনা | ০৭ | ০৭ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ০৭ | জেলা প্রশাসকের কার্যালয়,ঝালকাঠি | ০৪ | ০৪ | ০০ | ০০ | ০০ | ০০ |




আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মকর্তা (ডিও)দের তথ্য:

(জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪)

| তথ্য অধিকার বিষয়ে অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মকর্তার তথ্য (জুলাই-২৩ থেকে জুন-২৪) | | |
|---|---|---|
| জেলার নাম | আওতাধীন দপ্তর/কার্যালয় সমূহে নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা | আরটিআই অনলাইন কোর্স সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| বরিশাল | ১৬৬ | ২২ |
| পটুয়াখালী | ১২৬ | ১২৬ |
| ভোলা | ৬২ | ৫৫ |
| পিরোজপুর | ১২০ | ৮৪ |
| বরগুনা | ৪৮ | ৪১ |
| ঝালকাঠি | ১০৬ | ১০৫ |
| মোট= | ৬২৮ | ৪৩৩ |



**২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ'র আওতাধীন তথ্য অধিকার বিষয়ক ১ম প্রশিক্ষণ কোর্স আয়োজন:**

২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ'র আওতাধীন "তথ্য অধিকার" বিষয়ক দিনব্যাপী ১ম প্রশিক্ষণ কোর্স অত্র কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে গত ০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়:





তথ্য অধিকার বিষয়ক দিনব্যাপী ১ম প্রশিক্ষণ কার্যক্রম এ কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়

**২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ'র আওতাধীন তথ্য অধিকার বিষয়ক ২য় প্রশিক্ষণ কোর্স আয়োজন:**

২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ'র আওতাধীন "তথ্য অধিকার" বিষয়ক দিনব্যাপী ২য় প্রশিক্ষণ কোর্স অত্র কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে গত ১২ জুন ২০২৪ তারিখে বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়:





তথ্য অধিকার বিষয়ক দিনব্যাপী ২য় প্রশিক্ষণ কার্যক্রম এ কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উপলক্ষ্যে সভা সেমিনার আয়োজন:

# আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪

প্রতিপাদ্য:

## “রাষ্ট্রের মূলধারায় তথ্য অধিকারের সংযুক্তি এবং সরকারি খাতের অংশগ্রহন”

তথ্য কমিশন

তথ্য কমিশন বাংলাদেশ




জেলা প্রশাসন, বরিশাল এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন




জেলা প্রশাসন, পটুয়াখালী এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন




জেলা প্রশাসন, ভোলা এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন




জেলা প্রশাসন, পিরোজপুর এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন



জেলা প্রশাসন, বরগুনা এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন



জেলা প্রশাসন, ঝালকাঠি এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন







আওতাধীন সকল জেলায় ব্যাপক প্রচার কার্যক্রম ও বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল থেকে প্রকাশিত সর্বশেষ হালনাগাদকৃত স্বপ্রণোদিত তথ্য:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
www.barisaldiv.gov.bd

### স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা

| ক্র.নং | তথ্যের বিবরণ | সেবা প্রদান পদ্ধতি |
|---|---|---|
| ০১ | এ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের নাম, পদবি, শাখা, দাপ্তরিক ও ব্যক্তিগত মোবাইল/টেলিফোন নম্বর ও ই-মেইল | ওয়েবসাইট |
| ০২ | বরিশাল বিভাগে কর্মরত জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি)গণের তথ্য | ওয়েবসাইট |
| ০৩ | সরকারি বিভিন্ন কল সেন্টারের নম্বর | ওয়েবসাইট |
| ০৪ | এ বিভাগে কর্মরত উপজেলা নির্বাহী অফিসার, সিনিয়র সহকারী কমিশনার, সহকারী কমিশনারগণের বদলি/পদায়নের প্রজ্ঞাপন | ওয়েবসাইট |
| ০৫ | এ বিভাগে কর্মরত কানুনগো; ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ; ভূমি উপ-সহকারী কর্মকর্তা; সার্ভেয়ারগণের বদলি/পদায়নের প্রজ্ঞাপন | ওয়েবসাইট |
| ০৬ | জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কর্মরত ১০-২০ গ্রেডের কর্মচারীদের বহিঃবাংলাদেশ ছুটি অনুমোদনের অফিস আদেশ | ওয়েবসাইট |
| ০৭ | উপজেলা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের বহিঃবাংলাদেশ ছুটি অনুমোদনের অফিস আদেশ | ওয়েবসাইট |
| ০৮ | বিভাগীয় নির্বাচনী বোর্ডের অধীনে জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি ও নিয়োগ কার্যক্রমের ফলাফল প্রকাশ | ওয়েবসাইট |
| ০৯ | কর্মকর্তা ও কর্মচারীদের পাসপোর্ট করার নিমিত্ত অনাপত্তি সনদ ওয়েবসাইটে প্রকাশ | ওয়েবসাইট |
| ১০ | এ কার্যালয়ের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রকাশ | ওয়েবসাইট |
| ১১ | তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী প্রকাশ | ওয়েবসাইট |
| ১২ | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), বরিশাল-এঁর আদালতের শুনানীর তারিখ সংক্রান্ত তথ্য প্রকাশ | ওয়েবসাইট |
| ১৩ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আপীল কর্মকর্তার তথ্য প্রকাশ | ওয়েবসাইট |
| ১৪ | এ কার্যালয়ের বার্ষিক কর্মপরিকল্পনা প্রকাশ | ওয়েবসাইট |
| ১৫ | বিভাগীয় পর্যায়ে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রকাশ | ওয়েবসাইট |
| ১৬ | তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আপীল কর্মকর্তার তথ্য প্রকাশ | ওয়েবসাইট |
| ১৭ | এ কার্যালয়ের সিটিজেন চার্টার প্রকাশ | ওয়েবসাইট |
| ১৮ | তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তি ও আপীল আবেদনের ফরম | ওয়েবসাইট |
| ১৯ | এ কার্যালয়ের বার্ষিক শুদ্ধাচার কৌশল পরিকল্পনা | ওয়েবসাইট |
| ২০ | শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার তথ্য প্রকাশ | ওয়েবসাইট |
| ২১ | চাকুরীরত অবস্থায় মৃত্যু/স্থায়ী অক্ষমতাজনিত আর্থিক অনুদান প্রদানের তালিকা প্রকাশ | ওয়েবসাইট |
| ২২ | এ কার্যালয়ের বার্ষিক বাজেট প্রকাশ | ওয়েবসাইট |

২৭.০৫.২২

রিফাত আরা মৌরি
সিনিয়র সহকারী কমিশনার
ফোন : ০২৪৭৮৮৬৪৮৬৯

## তথ্য অধিকার আইনের প্রচারণা ও জনসচেতনামূলক গৃহীত ব্যবস্থা:


তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরে বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল কর্তৃক ২টি সভা অনুষ্ঠিত হয়েছে।






তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থবছরে বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল কর্তৃক অদ্যাবধি ১ টি সভা অনলাইন প্লাটফর্ম (জুম) এর অনুষ্ঠিত হয়।





তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল কর্তৃক তথ্য অধিকার আইন সংক্রান্ত লিফলেট বিতরণ করা হয়েছে।




মোঃ শওকত আলী
বিভাগীয় কমিশনার
বরিশাল